

মোবাইল নিয়ে হলে প্রবেশ ॥ ভালুকায় ছয় শিক্ষককে অব্যাহতি

নিজস্ব সংবাদদাতা, ভালুকা, ময়মনসিংহ, ৫ ফেব্রুয়ারি ॥ ভালুকায় পরীক্ষা হলে মোবাইল নিয়ে প্রবেশ করার দায়ে ৬ শিক্ষককে অব্যাহতি দেয়া হয়েছে। রবিবার এসএসসি পরীক্ষার বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষায় পরিদর্শনে এসে মাধ্যমিক শিক্ষা বোর্ডের উপ-পরিদর্শক আব্দুর রহমানের নির্দেশে ওই শিক্ষকদের এই শাস্তি প্রদান করা হয়। জানা যায়, রবিবার এসএসসি বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষায় উপজেলার শহীদ নাজিম উদ্দিন উচ্চ বিদ্যালয় ও কলেজের সহকারী শিক্ষক আশরাফুল আলম ও আবুল কালাম আজাদ, মীরকা হাসিনা বানু বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক আশরাফুল আলম, বান্দিয়া উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ ইদ্রিস আলী ভালুকা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে এবং জামিরা পাড়া এসএম উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক শাহাব উদ্দিন ও উথুরা স্কুল এ্যান্ড কলেজের সহকারী শিক্ষক খাইরুল আলম ভালুকা পাইলট উচ্চ বিদ্যালয়ে কক্ষ পরিদর্শক হিসেবে দায়িত্ব পালন করছিলেন। মাধ্যমিক শিক্ষা বোর্ডের উপ-পরিদর্শক আব্দুর রহমান পরিদর্শনে এসে দেখতে পান ওই শিক্ষকগণ মোবাইল ব্যবহার করছেন। এ সময় বোর্ডের ওই কর্মকর্তার নির্দেশে ভালুকা মাধ্যমিক শিক্ষা অফিসার সাইফুল ইসলাম ও শিক্ষককে আগামী পরীক্ষাগুলো থেকে কক্ষ পরিদর্শক হিসেবে অব্যাহতি প্রদান করেন এবং তাদের কারণ দর্শানোর নোটিস দেয়ার জন্য সিদ্ধান্ত নেন।